

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 25-03-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Dol purnima:

গোটা দেশেই চিরাচরিত রীতি অনুযায়ী দোল উৎসব পালিত হচ্ছে। দোল পূর্ণিমা উপলক্ষে আজ রাজ্যের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও বাড়ীঘরে সকাল থেকেই পূজার্চনার প্রস্তুতি লক্ষ্য করা যাচ্ছে। বিভিন্ন দোকানে রঙের পসরা সাজিয়ে বসেছেন দোকানীরা। বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকেও পালিত হচ্ছে বসন্ত উৎসব। উল্লেখ্য এই দোল পূর্ণিমার দিনই মহাপ্রভু শ্রী চৈতন্যদেব জন্মগ্রহণ করেছিলেন বলে এই পূর্ণিমাকে গৌর পূর্ণিমাও বলা হয়

World T.B day -Governor:

রাজ্যপাল ইন্দ্র সেনা রেডিও নাল্লু টি বি রোগ মুক্ত ভারত গঠনের উপর গুরুত্ব দিয়েছেন। বিশ্ব টি বি দিবস উদযাপন উপলক্ষে গতকাল আগরতলার রাজভবনে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, সচেতনতা, সময়মতো অষুধ সেবনের মাধ্যমে টিবি রোগ থেকে সেরে ওঠা যায়। তিনি বলেন, ত্রিপুরায় ইতিমধ্যেই প্রায় পঞ্চাশ শতাংশ পঞ্চায়েত টিবি মুক্ত হিসাবে চিহ্নিত। এর উল্লেখ করে রাজ্যপাল বলেন, টিবি রোগ চিহ্নিত করণ ও রোগ থেকে মুক্তি লাভের সব সরকারী ব্যবস্থা রয়েছে রাজ্যে।

Mahamuni Budha Mela:

সাব্ৰুমেৰ মনু বনকুলে গতকাল থেকে শুরু হয়েছে ঐতিহ্যবাহী ৭৭ তম বুদ্ধ মেলা। বৌদ্ধ ধৰ্মালম্বীদের ঐতিহ্যবাহী পতাকায সাজানো হয়েছে মন্দিৰ চত্বৰ। পসরা সাজিয়ে বসেছে প্রচুর দোকানী।

Saksham App :

নিৰ্বাচন কমিশন দিব্যাঙ্গ ব্যক্তিদের ভোটে অংশগ্রহণ আরো সহজ করতে "সক্ষম অ্যাপ" চালু করল। বয়স্ক এবং দিব্যাঙ্গদের জন্য নিৰ্বাচন কমিশন যাতায়াতের ব্যবস্থাও করেছে। আকাশবাণীৰ প্রতিনিধি জানাচ্ছেন যে ৮৫ বছরের উর্ধ্বে ব্যক্তি এবং ৪০ শতাংশ অক্ষমতা সম্পন্ন দিব্যাঙ্গ ব্যক্তির বাড়ি থেকেই ভোট দিতে পারবেন বলে কমিশন ঘোষণা করেছে। প্রতিটি ভোট কেন্দ্রেই স্ব্বেচ্ছাসেবী এবং হুইলচেয়ারের ব্যবস্থা থাকবে। প্রতিটি ভোট কেন্দ্রেই পানীয় জল, শৌচালয়, রেম্প অথবা হুইলচেয়ার, হেল্পডেক্স, পর্যাপ্ত আলো এবং ছাউনিৰ ব্যবস্থা থাকবে। এছাড়াও নিৰ্বাচনে বিশেষভাবে সক্ষম ব্যক্তি দ্বারা পরিচালিত ভোটকেন্দ্র সম্পূর্ণভাবে মহিলাদের দ্বারা পরিচালিত ভোট কেন্দ্র এবং আদর্শ ভোট কেন্দ্র থাকবে বলে কমিশন জানিয়েছেন।

BSF ADG visit :

তিনদিনের জন্য ত্রিপুরা সফর করেছেন বিএসএফের পূর্বাঞ্চলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী। গত ২২ মার্চ থেকে তিনদিনের সফরে শ্রী গান্ধী রাজ্যে বর্তমান নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করেছেন। এরসঙ্গে সীমান্তে বিভিন্ন প্রশাসনিক দিকগুলি নিয়ে আলোচনা করেছেন। বিএসএফের জন সংযোগ আধিকারিক গতকাল জানিয়েছেন, অতিরিক্ত মহানির্দেশক শ্রী গান্ধীকে স্বাগত জানান বিএসএফের আইজি প্যাটেল পীযুষ পুরুষোত্তম দাস সহ সিনিয়র অফিসাররা। ত্রিপুরা বিএসএফের আইজি অতিরিক্ত মহানির্দেশকে রাজ্যে ত্রিপুরা বাংলাদেশ সীমান্তের নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। শ্রী গান্ধীর পরিদর্শনের সময় বিএসএফের

শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। শালবাগানে বিএসএফ সদর দপ্তরে প্রহরী সম্মেলনে ভাষণের মধ্য দিয়ে শেষ হয় অতিরিক্ত মহানির্দেশকের ত্রিপুরা সফর।

Export Ban on Onion:

কেন্দ্রীয় সরকার পেঁয়াজ রপ্তানির উপর নিষেধাজ্ঞার সময়সীমা বৃদ্ধি করেছে। পেঁয়াজের মূল্য নিয়ন্ত্রণ এবং দেশে পেঁয়াজের যোগান অব্যাহত রাখতে সরকার ৩১ শে মার্চ পর্যন্ত এই আদেশ জারি করেছিল। এখন পরবর্তী আদেশ না আসা পর্যন্ত নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। তবে বন্ধু দেশগুলির ক্ষেত্রে পরিস্থিতির নিরিখে পেঁয়াজ রপ্তানি করা যাবে।

Basanta Utsab:

বাংলা সংস্কৃতি বলয় আগরতলা সংসদের উদ্যোগে গতকাল আগরতলার নন্দননগরের সেনপাড়া মাঠে সাপ্তাহিক সংস্কৃতি হাটে অনুষ্ঠিত হলো বসন্ত উৎসব। রাজধানীর বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায় ,বিধায়ক রতন চক্রবর্তী, বাংলা সংস্কৃতি বলয়ের মহাসচিব কাজী মাহাতব সুমন ও বাংলা সংস্কৃতি বলয়ের বিশ্ব কমিটির সভাপতি দেবশীষ ভট্টাচার্য সহ অন্যান্যরা।

Biplab Goswami:

আগরতলা প্রেসক্লাবে শিল্পতীর্থ নাট্য সংস্থার উদ্যোগে গতকাল সম্প্রতি সাড়া জাগানো হিন্দি চলচিত্র লাপাতা লেডিজ-এর কাহিনীকার বিপ্লব গোস্বামীর সঙ্গে আলাপ চারিতার এক অনুষ্ঠান আয়োজন করে। শিল্পীতীর্থের সভাপতি কার্তিক বনিক তাদের দলের প্রাক্তন সদস্য বিপ্লব গোস্বামীকে পুষ্পসুবক ও

উত্তরীয় দিয়ে বরণ করেন। এরপর উপস্থিত দর্শক শ্রোতাদের নানা প্রশ্নের উত্তরে ত্রিপুরার সম্ভান বিপ্লব গোস্বামী তাঁর সংগ্রামের কথা শোনান।

Woman's Cricket:

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইন্যালে ব্লাডমাউথ ক্লাব ৫৪ রানে জুটমিল কোচিং সেন্টারকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে ব্লাডমাউথ ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১২৮ রান করে। দলের পক্ষে রিজু সাহা ৪০ ও অশ্বিকা দেবনাথ ২৮ রান করেন। জবাবে জুটমিল কোচিং সেন্টার ১৭ ওভার ১ বল-এ সবকটি উইকেট হারিয়ে ৭৪ রান করে। দলের পক্ষে ইন্দ্রাণী জমাতিয়া ৩২ রান করেন। ব্লাডমাউথ ক্লাবের প্রিয়া ত্রিপুরা ১৮ রানে ৩টি উইকেট পান।

Weather:

আবহাওয়া দপ্তর থেকে জানা গেছে আকাশ প্রধানত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৩ ডিগ্রি সেলসিয়াস।। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩০ ডিগ্রির কাছাকাছি।
